# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২২৩

পর্ব - ১০ঃ দণ্ড বিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ২. যিনার অপবাদ প্রদানকারীর শাস্তি - যিনার অপবাদ প্রদানকারীর শাস্তির প্রমাণ

আরবী

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: لَمَّا نَزَلَ عُذْرِي, قَامَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَلَى الْمِنْبَرِ, فَذَكَرَ ذَلِكَ وَتَلَا الْقُرْآنَ, فَلَمَّا نَزَلَ أَمَرَ بِرَجُلَيْنِ وَامْرَأَةٍ فَضُرِبُوا الْحَدَّ. أَخْرَجَهُ أَحْمَدُ وَالْأَرْبَعَةُ
ـ وأشار إِليه البخاري

حسن. رواه احمد (6/ 35)، وأبو داود (4474)، والنسائي في «الكبرى» (4/ 325)، والترمذي (3181)، وابن ماجه (2567) من طريق ابن إسحاق، عن عبد الله بن أبي بكر، عن عمرة، عن عائشة

বাংলা

১২২৩। আয়িশা (রাঃ) হতে বর্ণিত; তিনি বলেন: যখন কুরআনে আমার উপর আরোপিত অপবাদ হতে মুক্তি সংক্রান্ত আয়াত অবতীর্ণ হলো তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বারে উঠে দাঁড়ালেন ও এর উল্লেখ করলেন এবং কুরআনের আয়াত পাঠ করে শুনালেন। তারপর মিম্বার হতে অবতরণ করলেন, এবং দুজন পুরুষ (হাসসান ইবনু সাবিত, মিসতাহ ইবনু আসাসা) ও একজন স্ত্রীলোক (হামনা বিনতু জাহাশ)-কে তাঁর আদেশক্রমে হদ্দ মারা হলো।[1]

## English

'Aishah (RAA) narrated, 'When my vindication was revealed, the Prophet (ﷺ) mounted the pulpit and mentioned what happened and recited the verses of

the Quran (which had been revealed). When he came down from the pulpit he ordered that two men and a women should be given the prescribed flogging (for this false accusation of 'Aishah (RAA) which is eighty lashes).' Related by Ahmad and the four Imams. Al-Bukhari refereed to it.

### ফুটনোট

[1] আবূ দাউদ ৪৪৭৪, ইবনু মাজাহ ২৫৬৭, আহমাদ ২৬৫৩১। শাইখ আলবানী সহীহ ইবনু মাজাহ ২০৯৭, সহীহ তিরমিযী। ৩১৮১, সহীহ আবূ দাউদ ৪৪৭৪ গ্রন্থত্রয়ে হাসান বলেছেন। তবে তাখরীজ মিশকাতুল মাসাবীহ ৩৫১২ এর মধ্যে বলেন, ইবনু ইসহাক আন আন করে বর্ণনা করেছেন, যিনি মুদাল্লিস। ইমাম শাওকানী তাঁর নাইলুল আওত্বার ৭/৮২ গ্রন্থে বলেন, এর সানাদে মুহাম্মাদ বিন ইসহাক রয়েছে। সে আন আন করে বর্ণনা করেছেন। সুতরাং তার তাদ্দলীস ও আন আন এর কারণে এটি দলিল হিসেবে গৃহীত হবে না।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71034

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন